

■■ শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ আহলে সুন্নাত ওয়াল জামাআতের লোকেরা আল্লাহর কোনো সিফতাকে অস্বীকার করে না রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আব্দুল্লাহ শাহেদ আল-মাদানী]

णाता आक्षारत कालामतक आमल स्रान थरक मित्र रक्ता काला हो وَلَا يُحَرِّفُونَ الْكَلِّمَ عَنْ مَوَاضِعِهِ

এই الْكُلِّمَ عَنْ مَوَاضِعِهِ এর আর্থা অতিক্রান্ত হয়েছে। অর্থাৎ আহলে সুন্নাতের লোকেরা আল্লাহর কালামকে পরিবর্তন করেনা। তারা কুরআন ও সুন্নার শব্দসমূহ অন্য শব্দ দিয়ে বদল করেনা এবং তার আসল ও প্রকৃত অর্থগুলোকেও অন্য অর্থ দিয়ে পরিবর্তন করেনা। অতঃপর তারা তার আসল ব্যাখ্যা বাদ দিয়ে অন্য ব্যাখ্যাও করেনা। যেমন করে থাকে মুআত্তেলা সম্প্রদায়ের লোকেরা। তারা আল্লাহর কালাম استولى (ইস্তাওয়াকে) استولى (ইস্তাওয়াকে) استولى (ইস্তাওলা) দ্বারা ব্যাখ্যা করে। এমনি তারা আল্লাহর কালামঃ وَجَاءَ رَبِّك (এবং তোমার রব আগমণ করবে" এর মধ্যে একটি শব্দ বাড়িয়ে তারা আল্লাহর ভালামঃ وَجَاءَ أَمْرُ رَبِّك (এবং তোমার রবের আদেশ আগমণ করবে" এর দ্বারা ব্যাখ্যা করে। এখানে তারা আল্লাহর 'আসা' সিফাতকে 'আল্লাহর আদেশ আসা' দ্বারা পরিবর্তন করে ফেলেছে। তারা আল্লাহর "রহমত তথা সৃষ্টির প্রতি দয়া করা" সিফাতকে নেয়ামত ও ছাওয়াব প্রদানের ইচ্ছা দ্বারা ব্যাখ্যা করে। এমনি আরো অনেক সিফাতকে তারা বাতিল অর্থ দিয়ে ব্যাখ্যা করে থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8473

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন